**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন স্বচ্ছ নিয়োগ নীতির মাধমে সরকারী চাকুরী প্রদান করা বর্তমান সরকারের অন্যতম প্রধান লক্ষ্য ।**

**(২) কেন্দ্রীয় সরকার জিকা ভাইরাস নিয়ে রাজ্যগুলিকে সতর্ক করেছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পুণরায় উল্লেখ করেছেন যে সরকার মণিপুরের পরিস্থিতি স্বাভাবিক করার জন্য ক্রমাগত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।**

**(৪) রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপের ফাইনালে আগামীকাল মোহনপুর ও উদয়পুর মুখোমুখি হবে ।**

*******************************************

**CM, Offer Letter :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন স্বচ্ছ নিয়োগ নীতির মাধমে সরকারী চাকুরী প্রদান করা বর্তমান সরকারের অন্যতম প্রধান লক্ষ্য। যারা যোগ্য তারা যাতে কোনমতেই বঞ্চনার শিকার

না হন, সেদিকে নজর রেখে কাজ করে চলেছে সরকার। আজ অরুন্ধতি নগর পঞ্চায়েতি রাজ ট্রেনিং ইন্সটিটিউটে CDPO, ICDS সুপারভাইজার, PA-II, পঞ্চায়েত নির্বাহী অফিসার পদে যোগ্য প্রার্থীদের মধ্যে অফার লেটার বিতরণ অনুষ্ঠানে একথা বলেন তিনি। অফার প্রাপ্তরা নিজেদের কাজ দ্বায়িত্বের সঙ্গে পালন করবেন বলে আশা ব্যক্ত করেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন গত ২০১৮-১৯ অর্থবর্ষ থেকে শুরু করে ২০২৩-২৪ অর্থবর্ষ পর্যন্ত গ্রুপ এ, বি, সি, ডি মিলিয়ে মোট ১৩ হাজার ৬৬১ জনকে বিভিন্ন দপ্তরে সরকারী চাকুরী প্রদান করেছে রাজ্য সরকার। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিরা মোট ৪৭৩ জনকে বিভিন্ন দপ্তরের জন্য অফার লেটার বিলি করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক মীনা রানী সরকার, মুখ্য সচিব জে কে সিনহা, তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব পি কে চক্রবর্তী, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের সচিব তাপস রায় সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা।

**************************

**Zika virus :**

কেন্দ্রীয় সরকার জিকা ভাইরাস নিয়ে রাজ্যগুলিকে সতর্ক করেছে। ইতিমধ্যে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের পক্ষ থেকে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের সমস্ত হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিকে নির্দেশিকা দেওয়া হয়েছে। মহারাষ্ট্রে এই ভাইরাসের সন্ধান পাবার পর থেকেই এনিয়ে সতর্ক করা হয়েছে। বিশেষ করে গর্ভবতী মহিলারা যাতে এই জিকা ভাইরাসে আক্রান্ত না হন, সেদিকে নিয়মিত খেয়াল রাখার জন্য বলা হয়েছে।

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের নির্দেশিকায় জানানো হয়েছে, যাতে এডিশ মশার হাত থেকে রক্ষা পাওয়া যায় তার সমস্ত ব্যবস্থা নিশ্চিত করতে হবে। সমস্ত আবাসিক এলাকা, কর্মস্থল, স্কুল, নির্মীয়মাণ বাড়ি, বিভিন্ন প্রতিষ্ঠানগুলিতে যাতে মশার উপদ্রব না থাকে সেদিকে লক্ষ্য রাখতে হবে।

****************************

**E-Mulakat web portal :**

কারামন্ত্রী শান্তনা চাকমা আজ জানিয়েছেন, কারা আবাসিক ও তাদের পরিবারের সুবিধার জন্য ই-মুলাকাত ওয়েব পোর্টাল চালু করা হয়েছে। এই বিষয়ে আজ আগরতলায় সরকারি অতিথিশালায় এক কর্মশালার উদ্বোধন করে মন্ত্রী শ্রীমতি চাকমা বলেন, কারা আবাসিকদের সঙ্গে তাদের পরিবারের সদস্যদের ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাক্ষাতের সুবিধা করে দেওয়ার লক্ষ্যে শুরু হয়েছে ই মুলাকাত ওয়েব পোর্টাল। তিনি আশা প্রকাশ করেন এই প্রক্রিয়া কারাগারগুলির সুরক্ষার দিক দিয়ে ইতিবাচক উদ্যোগ। কর্মশালায় আইজি প্রিজন সুভাশিস দাস জানান, রাজ্যের ১২টি কারাগারেই এই পোর্টালের সুবিধা পাওয়া যাবে। কারা দপ্তরের আধিকারিকদের সঙ্গে এনআইসির কর্মকর্তারাও কর্মশালায় উপস্থিত ছিলেন।

********************************

**Blood Donation-Unakoti :**

যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ সকালে কৈলাশহর সার্কিট হাউস চত্বরে এক মেগা রক্তদান শিবিরের উদ্বোধন করেন। ঊনকোটি জেলা প্রশাসন ও সিভিল সার্ভিস অফিসার্স

এসোসিয়েশন যৌথভাবে এই শিবিরের আয়োজন করে। উদ্বোধকের ভাষণে মন্ত্রী টিংকু রায় রক্তদানের মতো মহৎদানের গুরুত্ব ও তাৎপর্য নিয়ে আলোকপাত করেন। তিনি বাল্যবিবাহ ও পিতামাতার প্রতি অবহেলা প্রভৃতি সামাজিক ব্যাধি দূর করতে সকলের সম্মিলিত প্রয়াস সৃষ্টির উপর গুরুত্বারোপ করেন। আজকের অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসক দশরথ দেববর্মা, C.M.O ডাঃ শীর্ষেন্দু চাকমা প্রমুখ। আজকের রক্তদান কর্মসূচিতে 70 জন স্বেচ্ছায় রক্তদান করেন। এই উপলক্ষে আজ "বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল" থেকে প্রদত্ত অর্থে ক্রয় করা একটি এম্বুলেন্স কৈলাশহরের কণিকা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র কর্তৃপক্ষের কাছে প্রদান করেন মন্ত্রী টিংকু রায়।

*******************************

**Child Right :**

শিশুদের মধ্যে মাদক দ্রব্যের অপব্যবহার, অবৈধ পাচার বিষয়ক যৌথ কর্ম পরিকল্পনা বাস্তবায়নের সাফল্য এবং শিশু অধিকার সংরক্ষণের জন্য ন্যাশনাল কমিশন ফর প্রটেকশন অফ চাইল্ড রাইটস রাজ্যের মধ্যে সর্বোচ্চ কৃতিত্ব সম্পন্ন জেলা হিসেবে খোয়াই জেলাকে সম্মানিত করেছে। গত রবিবার মাদকদ্রব্যের অপব্যবহার এবং অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে আয়োজিত একটি অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই খোয়াই জেলার জেলা শাসক চাঁদনী চন্দ্রনকে জেলার সাফল্যের জন্য অভিনন্দন জানানোর পাশাপাশি সম্মাননা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে খোয়াই জেলার জেলাশাসকের

হাতে একটি ট্রফি এবং মানপত্র তুলে দেয়া হয়। জেলাশাসক চাঁদনী চন্দ্রন এ বিষয়ে আরোও জানান,

########Byte########

**********************************

**PM, Rajyasabha :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পুণরায় উল্লেখ করেছেন যে সরকার মণিপুরের পরিস্থিতি স্বাভাবিক করার জন্য ক্রমাগত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। রাজ্যসভায় সংসদের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণে ধন্যবাদ প্রস্তাবের জবাবে, প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন যে মণিপুরে শান্তি ও সৌহার্দ্য নিশ্চিত করতে কেন্দ্রীয় ও রাজ্য সরকার সমস্ত অংশীদারদের সঙ্গে আলোচনা করছে। তিনি বলেন যে স্বরাষ্ট্রমন্ত্রী নিজেই মণিপুরে উপস্থিত থেকে শান্তির প্রচেষ্টায় নেতৃত্ব দিয়েছেন। তিনি সংসদকে জানান যে এখন মণিপুরে স্কুল, কলেজ, অফিস এবং অন্যান্য প্রতিষ্ঠান স্বাভাবিকভাবেই চলছে।

প্রধানমন্ত্রী বর্তমানে মণিপুরের কঠিন বন্যা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। তিনি জানান যে বন্যার ত্রাণ কার্যের জন্য NDRF-এর দুটি বাহিনী মোতায়েন করা হয়েছে এবং কেন্দ্রীয় সরকার ত্রাণকার্যে রাজ্য সরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছে।

কংগ্রেসকে সংবিধানের সবচেয়ে বড় বিরোধী বলে কটাক্ষ করেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী বলেন যে জনগণ এনডিএ-কে পুণরায় ক্ষমতায় ফিরিয়ে এনেছে কারণ ক্ষমতাসীন ব্যবস্থার দ্বারা সংবিধান সুরক্ষিত হবে বলে জনগণের আস্থা রয়েছে।

প্রধানমন্ত্রীর বক্তব্যের সময় কংগ্রেস, ডিএমকে, টিএমসি, আম আদমি পার্টি, আরজেডি, বাম এবং অন্যান্য বিরোধী দলগুলি হট্টগোল সৃষ্টি করে। চেয়ারম্যান জগদীপ ধনখর তাদের আসনে ফিরে যেতে বলেন। পরে বিরোধী দলগুলি সভাকক্ষ ছেড়ে বেরিয়ে যায়।

এর আগে, আজ সকালে সভায় রাষ্ট্রপতির ভাষণের ধন্যবাদ প্রস্তাবের উপর আবার আলোচনা শুরু হলে ইউপিপি (এল)-এর রঙ্গওয়া নারজারি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অ্যাক্ট ইস্ট পলিসির কারণে উত্তর-পূর্বাঞ্চলের উন্নতি হয়েছে। তিনি বলেন, এ অঞ্চলে শান্তি ফিরে এসেছে এবং বেশ কয়েকটি জঙ্গি গোষ্ঠী শান্তিচুক্তি করেছে।

গতকাল উত্তরপ্রদেশের হাতরাসে মর্মান্তিক ঘটনায় নিহতদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন রাজ্যসভার সদস্যরা।

বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গে পরামর্শ দিয়েছেন যে এই ধরনের ঘটনা বন্ধ করতে আইন করা উচিত। তিনি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে হাতরাসের ঘটনা নিয়ে বিবৃতি দেবার দাবি জানান।

এদিকে, রাষ্ট্রপতির অভিভাষণের উপর আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ধন্যবাদসূচক বক্তব্যের পর চেয়ারম্যান জগদীপ ধনখড় অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতুবি ঘোষণা করেন।

*****************************

**Meghlipara Incident :**

খয়েরপুরের মেঘলিপাড়া গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ধর্ম টিলায় গতকাল রাতে মাটির ঘর ভেঙে পড়ে প্রাণেশ তাঁতি এবং তার স্ত্রী

ঝুমা তাঁতির মর্মান্তিক মৃত্যু হয়েছে। গুরুতর আহত অবস্থায় জিবি হাসপাতালে চিকিৎসাধীন তাদের ৩ মাসের শিশু সন্তান। তাদের অপর নাবালিকা সন্তানকে প্রাথমিক চিকিৎসার পর হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়। মৃতের ছোট ভাই জানান, রাত সাড়ে বারোটা নাগাদ অতিভারী বৃষ্টির সময় তাদের মাটির ঘর ভেঙে পড়ে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। তিনি আহত শিশুর দ্রুত আরোগ্য কামনা করেছেন। বিধায়ক রতন চক্রবর্তীও এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন।

পশ্চিম ত্রিপুরা জেলা শাসক ডাঃ বিশাল কুমার, জিরানিয়া মহকুমা শাসক আজ মেঘলিপাড়াতে ঘটনাস্থলে ছুটে যান। জেলা শাসক জানান, প্রশাসনের পক্ষ থেকে এই পরিবারটিকে সবধরনের সহায়তা প্রদান করা হবে।

সি.আই.টি.ইউ-র রাজ্য সম্পাদক মন্ডলী, জিরানিয়া মহকুমা কমিটি, ত্রিপুরা টি ওয়ার্কাস ইউনিয়নের পক্ষ থেকেও এই ঘটনায় গভীর শোক ব্যক্ত করেন।

******************************

**Sushanta Choudhury :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও নৌ চলাচল মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের কাছে লেখা এক চিঠিতে, সোনামুড়া ও বাংলাদেশের দাউদকান্দি পর্যন্ত গোমতী-মেঘনা নদীতে নৌ চলাচল শুরু করার জন্য দ্রুত কিছু পদক্ষেপ গ্রহনের অনুরোধ করেন। মন্ত্রী শ্রী চৌধুরী, ভারত- বাংলাদেশ নৌচলাচলের প্রটোকল রুট অনুযায়ী গোমতী ও বাংলাদেশের

দাউদকান্দি পর্যন্ত নদীতে দ্রুত নাব্যতা বৃদ্ধির জন্য ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। তাছাড়া সোনামুড়া থেকে চল্লিশ কিলোমিটার দূরবর্তী উদয়পুর পর্যন্ত নৌ বন্দর সম্প্রসারণের অনুরোধ করেন তিনি। পর্যটন শিল্পের  প্রসারে এই রুটে জলযানের বন্দোবস্ত করারও অনুরোধ করেন মন্ত্রী। তাছাড়া, এই রুটটিকে বাংলাদেশের আশুগঞ্জ, মংলা ও চট্টগ্রাম বন্দরের সঙ্গে যুক্ত করা ও পরবর্তী সময়ে ভারতের ব্রহ্মপুত্র, বরাক ও গঙ্গা নদীর সঙ্গেও কোলকাতা হয়ে হলদিয়া বন্দর এবং মায়ানমারের কালাদানের সিত্ওয়ে বন্দরের সঙ্গে সংযোগ স্থাপনের উপর গুরুত্ব দেন পরিবহন মন্ত্রী। পর্যটন শিল্পের প্রসারে ডম্বুর লেকে নৌযান বা ছয় জনের ক্রুজ চলাচলের বন্দোবস্ত করারও অনুরোধ করেন পরিবহন মন্ত্রী।

*****************************

**Amarnath Yatra :**

কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে বার্ষিক অমরনাথ যাত্রা সুষ্ঠুভাবে চলেছে। আজ অমরনাথ যাত্রার পঞ্চম দিনে বিপুল সংখ্যক পুণ্যার্থী পবিত্র গুহা দর্শন করেছেন। তীর্থযাত্রীদের যাতে কোনও রকম সমস্যা না হয়, তাই সব ধরনের পরিষেবা পৌঁছে দিতে প্রশাসন তৎপর রয়েছে। যাত্রাপথে মোতায়েন রয়েছে বিপুল সংখ্যক নিরাপত্তা বাহিনী।

************************

**BJP-Kowai :**

বিজেপি খোয়াই ও কল্যাণপুর মন্ডলের উদ্যোগে আজ মত দাতা অভিনন্দন যাত্রা অনুষ্ঠিত হয়। খোয়াই নতুন টাউন হলে এবং কল্যাণপুর লোটাস কমিউনিটি হলে অনুষ্ঠিত এই কর্মসূচিতে

উপস্থিত ছিলেন বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য, কল্যাণপুরের বিধায়ক পিনাকী দাস চৌধুরী, খোয়াই মন্ডল সভাপতি সুব্রত মজুমদার, পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা প্রমুখ।

************************

**Cricket :**

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপের ফাইনালে আগামীকাল মোহনপুর ও উদয়পুর মুখোমুখি হবে। ধর্মনগরের কলেজ স্টেডিয়ামে ফাইনাল খেলা হবে। আজ একই মাঠে আসরের দ্বিতীয় সেমিফাইনাল অনুষ্ঠিত হয়। এতে উদয়পুর ৭৩ রানে সদর'কে পরাজিত করে।

********************************

**Third Division League :**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার দুটি খেলায় আজ স্বামী বিবেকানন্দ ক্লাব ও জম্পুইজলা প্লে সেন্টার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় স্বামী বিবেকানন্দ ক্লাব ১-০ গোলে কদমতলী যুব সংস্থাকে হারিয়ে দেয়। একই মাঠে অপর খেলায় জম্পুইজলা প্লে সেন্টার ৪-২ গোলে সিমনা তমাকারী ফুটবল ক্লাবকে পরাজিত করে।

***********************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা

রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ত্রিশ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল একত্রিশ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস। সকাল সাড়ে আটটা থেকে সন্ধ্যা সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে তিন দশমিক এক মিলিমিটার।

****************************